

আল-জিন্ন | Al-Jinn | الْجِنِّ

আয়াতঃ ৭২ : ১৯

আরবি মূল আয়াত:

وَأَنَّهُ لَمَّا قَامَ عَبْدُ اللَّهِ يَدْعُوهُ كَادُوا يَكُونُونَ عَلَيْهِ لِبَدًا ۚ ﴿١٩﴾

অনুবাদসমূহ:

আর নিশ্চয় আল্লাহর বান্দা* যখন তাঁকে ডাকার জন্য দাঁড়াল, তখন তারা** তার নিকট ভিড় জমাল। — আল-বায়ান
আরো এই যে, যখন আল্লাহর বান্দা [রসূলুল্লাহ (সা.)] যখন তাঁকে আহ্বান করার জন্য দাঁড়াল তখন তারা (অর্থাৎ কাফিররা) তার চারপাশে ভিড় জমাল। — তাইসিরুল

আর এই যে, যখন আল্লাহর বান্দা তাঁকে ডাকার জন্য দণ্ডায়মান হল তখন তারা তার নিকট ভিড় জমালো। —
মুজিবুর রহমান

And that when the Servant of Allah stood up supplicating Him, they almost became about him a compacted mass." — Sahih International

*রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম।

**কাফিরগণ।

১৯. আর নিশ্চয় যখন আল্লাহর বান্দা(১) তাঁকে ডাকার জন্য দাঁড়াল, তখন তারা তার কাছে ভিড় জমাল।

(১) এখানে 'আল্লাহর বান্দা' বলতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে উদ্দেশ্য করা হয়েছে। [সা'দী]

তাফসীরে জাকারিয়া

(১৯) আর এই যে, যখন আল্লাহর দাস তাঁকে ডাকবার জন্য দণ্ডায়মান হল, তখন তারা তার নিকট ভিড় জমাল। [১]

[১] عَبْدُ اللَّهِ (আল্লাহর বান্দা বা দাস) বলতে রসূল (সাঃ)-কে বুঝানো হয়েছে। আর এর অর্থ হল, মানুষ ও জিন্ন মিলিত হয়ে আল্লাহর জ্যোতিকে ফুঁ দিয়ে নিভিয়ে দিতে চায়। এর আরো অর্থ বর্ণিত হয়েছে, কিন্তু ইমাম ইবনে কাসীরের নিকট এই অর্থই প্রাধান্য পেয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5466>